DEC. 31 2001

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৭ কলাম ...

# পাঠ্যবই প্রকাশের আগেই বাংলাবাজারে চার কোটি নিষিদ্ধ নোটবই বিক্রির জন্য প্রস্তুত

শরিফুজ্জামান পিন্টু

প্রাথমিক ও মাধ্যমিক স্তরের টেক্সট বই বাজারে আসার আগেই রাজধানীর বাংলাবাজারে প্রকাশ ও বিক্রি নিষিদ্ধ প্রায় চার কোটি নোট বা গাইড বই প্রস্তুত হয়ে গেছে। স্থানীয় থানা-পুলিশের সঙ্গে যোগসাজশে নোট বইয়ের এই রমরমা ব্যবসা চলছে বলে অভিযোগ রয়েছে। সূত্রাপুর থানা-পুলিশ বলেছে, নোটবই প্রকাশ যে নিষিদ্ধ এবং তারপরও যে এটা ছাপা হচ্ছে সে বিষয়টি পুলিশ অবগত। তবে কোন

(২-পৃষ্ঠা ২-এর কঃ দেখুন)

## পাঠ্যবই প্রকাশের

(প্রথম পাতার পর)

অভিযান এখনও চালানো হয়নি বলে থানার একজন দায়িত্বশীল কর্মকর্তা জানান। প্রথম শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত নোটবই মুদ্রণ, প্রকাশনা, আমদানি, বিতরণ ও বিক্রি সম্পূর্ণ নিষিদ্ধ হলেও এই বিপুল বই দু'একদিনের মধ্যে প্রকাশ্যে ও নির্বিঘ্নে কেনাবেচা হবে রাজধানীসহ দেশজুড়ে। অবৈধ, ভুলেভরা ও খুবই নিম্নমানের এসব বই শিক্ষাব্যবস্থাকে পঙ্গু করতে চরম ক্ষতিকর ভূমিকা রাখলেও তা বন্ধের কোন কার্যকর ব্যবস্থা আজও নেয়া